

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩০২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তির কাছে একটি মাত্র অপ্রশস্ত কাপড় থাকে, তখন সে তা কিভাবে পরিধান করবে, তার বর্ণনা

ذِكْرُ مَا يَعْمَلُ الْمَرْءُ عِنْدَ صَلَاتِهِ إِذَا كَانَ مَعَهُ ثَوْبٌ وَاحِدٌ غيرُ واسع

আরবী

2302 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ رَافِعِ حَدَّثَنَا سُرِيجُ بْنُ النُّعْمَانِ حَدَّثَنَا فُليح عَنْ سَعِيدِ بْنِ الْحَارِثِ أَنَّهُ أَتَى جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ فَقَالَ جَابِرٌ خَرَجْتُ مَعَ رَسُولِ اللَّهِ عَنْ سَعِيدِ بْنِ الْحَارِثِ أَنَّهُ أَتَى جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ فَقَالَ جَابِرٌ خَرَجْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَيً صَلَى وعليَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَعْضِ أَسْفَارِهِ فَجِئْتُ لَيْلَةً لِبَعْضِ أَمْرِي فوجدتُهُ يُصلي وعليَّ ثَوْبٌ وَاحِدٌ اشتملْتُ بِهِ وصلَّيتُ إِلَى جنبِهِ فَلَمَّا انْصَرَفَ قَالَ: (مَا السُّرى يَا جابرُ؟) فَأَخبرتُهُ فَقَالَ: (يَا جَابِرُ مَا هَذَا الْاشْتِمَالُ الَّذِي رَأَيْتُ؟) فَقُلْتُ: كَانَ ثَوْبًا وَاحِدًا ضَيَقًا فَاخبرتُهُ فَقَالَ: (إِذَا صَلَيْتَ وَعَلَيْكَ ثَوْبٌ وَاحِدٌ فإنْ كَانَ وَاسِعًا فَالْتَحِفْ بِهِ وَإِنْ كَانَ ضيقا فاتَّرْنُ بِهِ)

الراوي: سَعِيد بْن الْحَارِثِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2302 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (644): م, خ مختصراً.

## বাংলা

২৩০২. সা'ঈদ বিন হারিস থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি একবার জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা কাছে আসেন, তখন জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, "আমি একবার এক সফরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে বের হয়েছিলাম। অতঃপর একরাতে আমি আমার কোন এক প্রয়োজনে তাঁর কাছে আসি এবং তাঁকে আমি সালাত আদায়রত অবস্থায় দেখতে পাই। এসময় আমার পরিধানে একটি কাপড় ছিল, অতঃপর আমি তা কাঁধে জড়িয়ে নেই এবং তাঁর পাশে সালাত আদায় করি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাম ফেরান, তখন তিনি বলেন, "হে জাবির, কী খবর?" অতঃপর আমি আমি আমার বৃত্তান্ত তাঁকে



জানাই।" তারপর তিনি বলেন, "হে জাবির, এটা কেমন ইশতেমাল, যাতে আমি তোমাকে (সালাত আদায় করতে) দেখলাম?" আমি বললাম, "আমার একটাই অপ্রশস্ত কাপড় ছিল!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "যখন তুমি এক কাপড়ে সালাত আদায় করবে, যদি কাপড়িটি প্রশস্ত হয়, তাহলে তা ঘাড়সহ শরীরে জড়িয়ে নিবে আর যদি কাপড়িটি অপ্রশস্ত হয়, তাহলে তা লূঙ্গি হিসেবে পরিধান করে নিবে।"[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৭৬৭; সহীহ আল বুখারী: ৩৬১; সহীহ মুসলিম: ৩০১০; আবূ দাউদ: ৬৩৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সা'ঈদ ইবনু হারিস (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন